

ভারতে রাষ্ট্ৰীয় সফরে নেপালের প্রেসিডেন্ট
(১৭-২১ এপ্রিল ২০১৭)

ভারতের রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায়ের আমন্ত্রণে, নেপালের সম্মাননীয়, মহামান্য প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভাণ্ডারি ভারতে একটি রাষ্ট্ৰীয় সফর করবেন এপ্রিল ১৭-২১, ২০১৭।

অক্টোবর ২০১৫-এ নেপালের প্রেসিডেন্ট হিসাবে শপথ নেওয়ার পর এটাই তাঁর প্রথম রাষ্ট্ৰীয় সফর। ভারত-নেপালের মধ্যে যুগযুগান্তরব্যাপী, অনন্য, বিস্তৃত অংশীদারিত্বের সম্পর্ক, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক যোগাযোগ এবং মজবুত মানুষ-মানুষে সম্পর্ককে আরও দৃঢ় করবে এই সফর।

সফরকালে নেপালের প্রেসিডেন্ট সাক্ষাৎ করবেন ভারতের রাষ্ট্রপতি, উপ রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর সঙ্গে। পররাষ্ট্রমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরও সাক্ষাৎ করবেন নেপালের প্রেসিডেন্টের সঙ্গে। নয়াদিল্লিতে সরকারি কার্য সম্পাদনের পর নেপালের প্রেসিডেন্ট গুজরাত এবং ওড়িশা সফর করবেন। এই আসন্ন সফর দু'দেশের মধ্যে ধারাবাহিক উচ্চ পর্যায়ের বিনিময়েরই অংশ এবং নেপাল ও ভারতের মধ্যে আন্তরিকতা এবং সহযোগিতার সম্পর্ককে আরও মজবুত করবে।

নয়াদিল্লি

এপ্রিল ১২, ২০১৭